গাংনীতে বিএনপি ও সতন্ত্র প্রার্থীর ভোট বর্জন

ইভিএম এ কারসাজি ও এজেন্টদের কেন্দ্র থেকে বের করে দেওয়ার অভিযোগে গাংনী পৌর সভা নির্বাচন বর্জন করেছেন বিএনপি প্রার্থী আসাদুজ্জামান বাবলু ও সতন্ত্র প্রার্থী বর্তমান মেয়র আশরাফুল ইসলাম।
শনিবার দুপুর ২টার দিকে গাংনী পৌরসভার ৬ নম্বর কেন্দ্র পরিদর্শন ভোট বর্জনের সিদ্ধান্ত স্বতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলাম ও দুপুর আড়াইটার দিকে ৩নম্বর ওয়ার্ড কেন্দ্র থেকে বিএনপি প্রার্থী আসাদুজ্জামান বাবলু ভোট বর্জনের সিদ্ধান্ত নেন।
এসময় আশরাফুল ইসলাম বলেন, ইভিএম এ প্রথম অবস্থায় সব প্রতিক দেখা যাচ্ছে না। যখন এটি নিয়ে চ্যালেঞ্জ করা হচ্ছে তখন সব প্রতীক দেখা যাচ্ছে। ফলে ইভিএম নিয়ে জনগণের মধ্যে যে ধারণা ছিল তা সঠিক হয়েছে। এনির্বাচন প্রহসনের নির্বাচন। উর্ধতন মহলের নির্দেশে জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন ও রির্টানিং কর্মকর্তা এ ধরণের প্রহসনের নির্বাচন পরিচালনা করছেন। বারবার জেলা প্রশাসন ও রির্টানিং কর্মকর্তাকে বলার পরও তারা কোন ব্যবস্থা নেননি। এছাড়া পৌর ১, ২,৩,৮ও ৯ নম্বর ওয়ার্ড থেকে আমাদের এজেন্ট দের বের করে দেওয়া হয়েছে। যে কারণে এ নির্বাচন বর্জনের সিদ্ধান্ত নিয়েছি।
অপরদিকে দুপুর আড়াইটার সময় বিএনপি প্রার্থী আসাদুজ্জামান বাবলু ৩ নম্বর ওয়ার্ড পরিদর্শন শেষে তিনিও রিটার্নিং কর্মকর্তাকে ‘ভেড়া’ উপাধি দিয়ে নিবার্চন বর্জন করেন। তিনি বলেন, ৯টি কেন্দ্রের অধিকাংশ কেন্দ্র থেকে আমাদের এজেন্টদের বের করে দেওয়া হয়েছে। আমরা সকাল থেকে এ ধরণের ঘটনা দেখছি। রির্টার্নিং কর্মকর্তাসহ প্রশাসনকে জানিয়েও কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে না। তাই এই নির্বাচন বর্জনের সিদ্ধান্ত নিয়েছি।
এদিকে, বিভিন্ন কেন্দ্র পরিদর্শনে গিয়ে দেখা যায়, গাংনী পৌরসভার ৯ টি ওয়ার্ডের ৯টি ভোট কেন্দ্রের ৬১ টি বুথে ভোট গ্রহণ শুরু হয় সকাল ৮ টা থেকে। ভোট কেন্দ্রে ও আশ পাশ এলাকায় প্রয়োজনীয় সংখ্যক আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর লোকজন থাকলেও সরকার দলীয় প্রার্থীর সমর্থকরা ভোট কেন্দ্র দখল করে নেয়। নৌকা প্রার্থীর ভোটারগণ ভোট কেন্দ্রে নির্বিঘ্নে ভোট দিলেও অন্যান্য প্রার্থীর সমর্থকরা ভোট কেন্দ্রে যেতে পারেন নি বলে অনেক ভোটার অভিযোগ করেছেন। বিভিন্ন স্থানে বাধা দেয়া হয়েছে। আবার ভোট

কেন্দ্রে ভোটারের আঙ্গুলের ছাপ নিয়ে পোলিং অফিসার সরকার দলীয় প্রার্থীর নৌকা মার্কাতে ভোট নিয়ে নিচ্ছেন বলেও অভিযোগ রয়েছে। বেশ কয়েকটি ভোট কেন্দ্রে গিয়ে দেখা গেছে, ভোটারদের উপস্থিতি একেবারই কম। কোন কেন্দ্রেই ধানের শীষ ও স্বতন্ত্র প্রার্থীর এজেন্টকে পাওয়া যায় নি। আবার বিএনপি সমর্থিত কোন ভোটারেরও দেখা মেলেনি। কোন কোন কেন্দ্রে এজেন্টদেরকে বের করে দেয়া হয়েছে বলেও অভিযোগ করেছেন স্বতন্ত্র ও বিএনপি সমর্থীত প্রার্থীর ভোটারগণ। কোন কোন কেন্দ্রে মেয়র ও কাউন্সিলর প্রার্থীর সমর্থকদের মধ্যে ধাক্কা ধাক্কির ঘটনা ঘটেছে।
গাংনী সরকারী বালিকা বিদ্যালয় কেন্দ্রে নৌকা প্রার্থীর সমর্থক মজিরুল ও মিলনের সাথে কাউন্সিলর প্রার্থী মিজানুর রহমানের বাক বিতন্ডা ও ধাক্কা ধাক্কির ঘটনা ঘটে। ওই কেন্দ্রে পোলিং অফিসার মিজানুর রহমান ভোটারদের আঙ্গুলের ছাপ নিয়ে সরকার দলীয় প্রার্থীর নৌকা মার্কায় ভোট প্রয়োগ করছেন। এ ব্যাপারে পোলিং অফিসার কোন স্বদুত্তোর প্রদান করেন নি। একই ভাবে ভোট চলছিল ৯টি কেন্দ্রে।

সরকার একদলীয় শাসন ব্যবস্থা প্রতিষ্ঠা করতে চায়: মির্জা ফখরুল

বিএনপি’র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, সরকার ২০১৮ সালের নির্বাচনের মতই স্থানীয় সরকার নির্বাচনে ভোট ডাকাতি করে নিয়ে যাচ্ছে। এছাড়াও দলীয় নেতাকর্মীদের নামে মামলা দিয়ে হয়রানী করছে। এ সরকার সম্পূর্ণভাবে গণতন্ত্র ও রাজনৈতিক প্রতিষ্ঠানগুলোকে ধ্বংস করে দিয়েছে। এরা একদলীয় শাসন ব্যবস্থা প্রতিষ্ঠা করতে চায়।

তিনি আজ শুক্রবার সকালে ঠাকুরগাঁও শহরের নিজ বাসভবনে সাংবাদিকদের কাছে এমন মন্তব্য করেন।

সরকারকে ভয়ঙ্কর আত্মহননের পথ থেকে সরে এসে অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন দেয়ার আহ্বান জানান মির্জা ফখরুল। তা না হলে জনগণকে সাথে নিয়ে আন্দোলনের মাধ্যমে এ সরকারকে সড়িয়ে দেয়ার হুঁশিয়ারি উচ্চারণ করেন তিনি।

এসময় জেলা বিএনপি’র শীর্ষ নেতারা উপস্থিত ছিলেন।

নির্বাচন কমিশনের পদত্যাগের দাবিতে ঝিনাইদহে বিএনপির মানববন্ধন

নির্বাচন কমিশনের ব্যার্থতায় দেশব্যাপী পৌরসভা নির্বাচনে অনিয়মের অভিযোগ এনে নির্বাচন কমিশনের পদত্যাগের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

সোমবার সকালে শহরের এইচএসএস সড়কের দলটির জেলা কার্যালয়ে সামনে এ কর্মসূচীর আয়োজন ঝিনাইদহ পৌর বিএনপি।

এতে ব্যানার ফেস্টুন দলটির জেলা, উপজেলা ও পৌর শাখার নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

কর্মসূচী জেলা বিএনপির আহ্বায়ক এ্যাড. এসএম মশিয়ুর রহমান, সদস্য সচিব এম এ মজিদ, যুগ্ম আহ্বায়ক জাহিদুজ্জামান মনা, থানা বিএনপির আহ্বায়ক মুন্সী কামাল আজাদ পান্নু, পৌর বিএনপির আহ্বায়ক আব্দুল মজিদ বিশ্বাসহসহ অন্যান্যরা।

বক্তারা, প্রথম ধাপে অনুষ্ঠিত পৌরসভা নির্বাচনে অনিয়মের অভিযোগ তুলে অবিলম্বে প্রধান নির্বাচন কমিশনারসহ সব কমিশনারের পদত্যাগ দাবী করেন।

সম্মিলিত পেশাজীবী পরিষদের উদ্যোগে ধানের শীষের প্রচারণা

বাংলাদেশ সম্মিলিত পেশাজীবী পরিষদ কুষ্টিয়া জেলা শাখার উদ্যোগে কুষ্টিয়া পৌরসভার মেয়র হিসেবে বিএনপির সমর্থিত ধানের শীষের প্রার্থী বশিরুল আলম চাঁদের পক্ষে প্রচারণা চালিয়েছে।

বৃহস্পতিবার দিনভর সংগঠনের সদস্য সচিব এ্যাড শামীম উল হাসান অপুর নেতৃত্বে কুষ্টিয়া কোর্ট এলাকায় এসব প্রচারণা চালানো হয়।

এসময় নির্বাচনী প্রচারণায় উপস্থিত ছিলেন এ্যাড. ইকবাল হোসেন, এ্যাড. নুরুল ইসলাম, এ্যাড. ইকবাল খান, এ্যাড.আশরাফুল রেজা শিমুল, এ্যাড. আবুল হাসিম বাদশা, এ্যাড. হাফিজুর রহমান হিরা, এ্যাড. খাইরুল ইসলাম, শিক্ষানবিশ এ্যাড. মোঃ বকুল আলী, ইসতিয়াক মাহাম্মুদ শিবলু, মোঃ মুজিবুল ইসলাম, জেলা যুবদলের আইন বিষায়ক সম্পাদক আশরাফুল হোসেন নয়ন, সাবেক ছাত্রনেতা মমিনুল ইসলাম মমিন, স্বেচ্ছাসেবক দলের নেতা শরিফুল ইসলাম, আব্দুল্লাহ আল নোমান প্রমুখ।

দামুড়হুদায় নিত্য প্রয়োজনীয় দ্রব্যের লাগামহীন মূল্য বৃদ্ধির প্রতিবাদে বিএনপি’র মানববন্ধন

চুয়াডাঙ্গা দামুড়হুদায় চাল- ডাল, তেল, কৃষি পণ্য সহ বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের লাগামহীন ঊর্ধ্বগতির প্রতিবাদে

[illegible]

[illegible] [illegible] [illegible] [

পুলিশের বাঁধায় পালন করতে পারেনি বিএনপি।

কর্মসূচী পালন উপলক্ষে বৃহস্পতিবার সকালে শহরের এইচএসএস সড়কে দলটির জেলা কার্যালয়ে দলীয় নেতাকর্মীরা জড়ো হতে শুরু করে।

সকাল ১১ টার দিকে মানবন্ধনের প্রস্তুতি নিলে পুলিশ তাদের সেখান থেকে ছত্রভঙ্গ করে দেয়।

বেশিরভাগ নেতাকর্মী চলে গেছে কিছু সংখ্যক নেতাকর্মী ব্যানার নিয়ে দাড়াতে গেলে পুলিশ ব্যানার কেড়ে নেয়। পুলিশের বাঁধায় মানবন্ধন বা সমাবেশ করতে না পাড়ায় ফিরে যায় নেতাকর্মীরা।

জেলা বিএনপির সদস্য সচিব এ্যাড. এম মজিদ বলেন, কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে আমাদের শান্তিপুর্ণ মানববন্ধন কর্মসূচী ছিল। মানববন্ধনে দাড়ানোর আগেই পুলিশ নেতাকর্মীদের চলে যেতে বলে। আমরা কয়েকজন নেতাকর্মী ব্যানার নিয়ে দাড়ানো চেষ্টা করলে তারা ব্যানারও কেড়ে নেই। গণতান্ত্রিক দেশে শান্তিপুর্ণ একটি কর্মসূচীও পুলিশ করতে দিল না।

আগের চেয়ে ভালো আছেন মওদুদ, চেয়েছেন দোয়া

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সাবেক, মন্ত্রী ও সুপ্রিম কোর্টের প্রবীণ আইনজীবী মওদুদ আহমদের শারীরিক অবস্থার উন্নতি হয়েছে।

বুধবার (৬ জানুয়ারি) বিকেল ৩টার দিকে বিএনপির ভাইস চেয়ারম্যান ডা. এজেডএম জাহিদ হোসেন জাগো নিউজকে এ তথ্য জানিয়েছেন।

ডা. জাহিদ বলেন, ব্যারিস্টার মওদুদ সাহেব দেশবাসীর কাছে দোয়া চেয়েছেন। আলহামদুলিল্লাহ তিনি আগের চেয়ে ভালো আছেন।

জানা গেছে, আজ দুপুর ২টার পর বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও ডা. জাহিদ হোসেন ব্যারিস্টার মওদুদ আহমদের সঙ্গে দেখা করেন।

গত ২৯ ডিসেম্বর ব্যারিস্টার মওদুদ অসুস্থ হয়ে পড়লে তাকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালের সিসিইউতে ভর্তি করা হয়। প্রফেসর শাহাবুদ্দিন আহমেদ তালুকদারের তত্ত্বাবধায়নে চিকিৎসাধীন তিনি।

হাসপাতাল সূত্রে জানা গেছে, মওদুদ আহমদের রক্তের হিমোগ্লোবিন কমে গিয়েছিল। ভর্তি হওয়ার পর দুবার তার কোভিড-১৯ পরীক্ষা করা হয়। তার করোনা পরীক্ষার ফল নেগেটিভ এসেছে।

বিএনপি চেয়ারপারসনের প্রেস উইং সদস্য শায়রুল কবির খান জানিয়েছেন, ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও মহাসচিবসহ দলের নেতারা মওদুদ আহমদের খোঁজ-খবর রাখছেন।

ইসির পদত্যাগ দাবিতে বিএনপির মানববন্ধন পেছাল

নির্বাচন কমিশনের (ইসি) পদত্যাগের দাবিতে বিএনপির মানববন্ধনের কর্মসূচি একদিন পিছিয়ে দেওয়া হয়েছে। ১০ জানুয়ারির পরিবর্তে এ কর্মসূচি পরদিন ১১ জানুয়ারি পালিত হবে।

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী গতকাল এই তথ্য জানান।

তিনি বলেন, ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ বিএনপি’র উদ্যোগে ১১ জানুয়ারি জাতীয় প্রেসক্লাবের সামনে সকাল ১১টায় এ কর্মসূচি পালিত হবে। তবে ৭ জানুয়ারি দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে এবং বাণিজ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে বিএনপি’র কেন্দ্র ঘোষিত মানববন্ধন কর্মসূচিটি অপরিবর্তিত থাকবে।

দেশবাসীসহ বিএনপি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের সব পর্যায়ের নেতাকর্মীকে ঘোষিত কর্মসূচি সফল করার আহ্বান জানান তিনি।

[redacted] [redacted] [redacted] [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted]

[redacted]

ঈদগাহ পাড়ায় মেহেরপুর জেলা ছাত্রদল এর ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দরিদ্র শিশুদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানির সভাপতিত্ব প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওমর ফারুক লিটন সহ-সভাপতি মেহেরপুর জেলা বিএনপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপি নেতা এডভোকেট মোখলেসুর রহমান স্বপন জেলা আইনজীবী সমিতির সদস্য, প্রভাষক ফয়েজ আহমেদ যুগ্ম সম্পাদক মেহেরপুর জেলা বিএনপি, কাজী মিজান মেনন সহ-সাংগঠনিক সম্পাদক মেহেরপুর জেলা বিএনপি, আব্দুস সালাম যুগ্ম-সম্পাদক মেহেরপুর জেলা যুবদল, রাজন শেখ যুগ্ম সম্পাদক মেহেরপুর জেলা যুবদল।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ফরিদুল ইসলাম পিন্টু যুগ্ম সম্পাদক মেহেরপুর জেলা ছাত্রদল, লিটন উদ্দিন সহ-সাংগঠনিক সম্পাদক মেহেরপুর জেলা ছাত্রদল, তরিকুল ইসলাম সাংস্কৃতিক সম্পাদক মেহেরপুর জেলা ছাত্রদল, আনোয়ার হোসেন সাধারণ সম্পাদক মেহেরপুর জেলা নবীন দল।
আলোচনা সভা শেষে দরিদ্র শিশুদের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়।